


জানালেন শিক্ষামন্ত্রী

## এইচএসসি পরীক্ষা পেছাচ্ছে না

অনলাইন ডেস্ক

৮ আগস্ট ২০২৩ ০৪:৪৯ পিএম | আপডেট: ৮ আগস্ট ২০২৩ ০৬:২৫  
পিএম18  
Shares

আগামী ১৭ আগস্ট থেকেই শুরু হবে এইচএসসি ও সমমানের পরীক্ষা। ফাইল ছবি

advertisement..

এইচএসসি ও সমমান পরীক্ষা পেছানোর যৌক্তিক কোনো কারণ নেই বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। অর্থাৎ, আগামী ১৭ আগস্ট থেকেই শুরু হবে এইচএসসি ও সমমানের পরীক্ষা। আজ মঙ্গলবার বিকেলে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ‘এইচএসসি ও সমমানের পরীক্ষা নিয়ে জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা কমিটির’ সভা শেষে এ কথা বলেন তিনি।

চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা পেছানোর দাবিতে বিক্ষোভ, রাস্তা অবরোধ করেছেন রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। এর মধ্য থেকে ছয়জনকে আটকেরও অভিযোগ উঠেছে। শিক্ষার্থীদের এ আন্দোলনের পরিপ্রেক্ষিতে আজ সভা করে শিক্ষা মন্ত্রণালয়।

## advertisement

শিক্ষামন্ত্রী বলেন, ‘আমরা সব পরীক্ষার আগে দেখি যে, পরীক্ষার্থীদের একটি অংশ বলে যে পরীক্ষা পেছাও। আমরাও যখন কম বয়সে শিক্ষার্থী ছিলাম, আমরাও কিন্তু দেখে অভ্যস্ত যে, কলেজে-স্কুলে পরীক্ষা পেছানোর দাবি ওঠে। যারা দাবি করে, তারা বলে তারা পরীক্ষার জন্য তৈরি না, একটু সময় প্রয়োজন। ভালো করে পড়ে তৈরি হবে।’

তিনি বলেন, ‘পরীক্ষা যে ১৭ আগস্ট শুরু হবে এটা অনেক দিন থেকে ঘোষণা আছে। শিক্ষার্থীদের অধিকাংশই কিন্তু সেই সময়টাকে সামনে রেখে তৈরি হয়েছে এবং তারা পরীক্ষা দিতে প্রস্তুত। যারা মনে করছে, প্রস্তুত না, এখনও কয়েক দিন আছে। তারা যদি রাত্তায় না থেকে একটু মন দিয়ে পড়াশোনা করে, আমি নিশ্চিত তাদের পরীক্ষা হয়তো অতটা খারাপ হবে না। পরীক্ষা পেছানোর কোনো সুযোগ নেই।’

এদিকে, এইচএসসি ও সমমান পরীক্ষাকে কেন্দ্র করে ১৪ আগস্ট থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত মোট ৪৩ দিন সারা দেশে কোচিং সেন্টার বন্ধ থাকবে।

এ বিষয়ে শিক্ষামন্ত্রী বলেন, আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের গুজব ও নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে ১৪ আগস্ট থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত সব কোচিং সেন্টার বন্ধ থাকবে।